# GCSE
# BENGALI

**F**

Foundation Tier   Paper 1  Listening Test Transcript

Time allowed: 35 minutes approximately
(including 5 minutes' reading time before the test)

**FOR INVIGILATOR'S USE ONLY**

**The pauses are pre-recorded for this test**.

This is what you should do for each item.
- After the question number is announced, there will be a pause to allow you to read the instructions and questions.
- Listen carefully to the recording and read the questions again.
- Listen to the recording again, and then answer the questions.
- When the next question is about to start you will hear a bleep like this (*).
- You may write at any time during the test.
- In **Section A**, answer the questions in **English**.  In **Section B**, answer the questions in **Bengali**.
- You must answer **all** the questions in the spaces provided.  Do **not** write outside the box around each page or on blank pages.
- Write neatly and put down **all** the information you are asked to give.
- **Ask any questions now.  You must not ask questions or interrupt during the test.***
- You now have five minutes to read through the question paper.  You may make notes during this time.  You may open your answer book now.
- **The test starts now**.

Once the test has started, the invigilator must not pause it **at any time** as all pauses, including the five minutes' reading time, are pre-recorded.

*If candidates ask any questions at this point, the invigilator should pause the recording until the questions have been answered.  The recording should then be restarted.

G/SS/Jun22/E5

## Section A

Questions and answers in **English**.

**0 1** **F1** পরীক্ষার শুরুতে মনে হয়েছিলো প্রশ্ন বেশ কঠিন বা মোটামুটি কঠিন হবে। তবে পরীক্ষা দিয়ে সহজই মনে হলো।

**0 2** **M1** আমি তো প্রথমে বেশ ভয় পেয়েছিলাম। মন খারাপ লাগছিলো, তবে সবগুলো প্রশ্নের উত্তর দিতে পেরে পরীক্ষা শেষে খুশিই হলাম।

**0 3** **M2** বুধবারের মেঘলা ভাবটা কেটে গিয়ে আগামীকাল বৃহস্পতিবার ঠান্ডা পড়বে। শুক্রবারে যারা গাড়ি চালিয়ে বিভিন্ন শহরে যাবেন, তাদের ঝড় থেকে সতর্ক থাকতে অনুরোধ করা হচ্ছে।

**0 4** **F2** আমরা দুই ভাই-বোন। আমি বাড়ির বাগানে গাছ লাগাই। রান্নার কাজে মাকে সাহায্য করি, ঘরের কাজ করি। তবে মা আমাকে কেনাকাটার জন্য বাইরে যেতে দেন না। এদিকে আমার ভাইকে ঘরের কাজ করতে হয় না। সে একা বাইরে যেতে পারে। তার পছন্দের সব চাওয়াই পূরণ হয়। মাঝে মাঝে ভাবি বয়সে ছোটো হলেও, একজন ছেলে হওয়াতেই তার সুযোগ বেশি !

**0 5** **M1** বিজ্ঞানীরা আট থেকে এগারো বছরের ছেলেমেয়েদের দিনে দুই ঘন্টার কম ট্যাবলেট বা ফোনের স্ক্রিনে সময় কাটানোর জন্য পরামর্শ দিচ্ছেন।

**0 6** **M1** যে সকল ছেলেমেয়ে স্ক্রিনে দিনে দুই ঘন্টার কম সময় কাটায় তারা অন্যদের চেয়ে অনেক কিছু বেশি মনে রাখতে পারে।

**0 7** **M1** এভাবে বেশি মনে রাখতে পারার কারণ হলো মনোযোগ বেড়ে যাওয়া। তবে সেই সাথে আট থেকে দশ ঘন্টা ঘুম দরকার।

**0 8** **F2** আজকাল প্রায়ই মরা তিমি সাগর তীরে ভেসে আসছে। কিছুদিন আগে তেমন একটি মারা যাওয়া তিমির পেটে পাওয়া গেছে প্রায় ছয় কেজি প্লাস্টিকের বিভিন্ন জিনিস। বিজ্ঞানীরা মনে করছেন সেসব প্লাস্টিকই তিমিটির মারা যাওয়ার কারণ। তাঁরা ধারণা করছেন সাগরের পরিবেশ জীবজন্তুদের জন্য এখন ক্ষতিকর হয়ে উঠেছে।

**0 9** **M2** আমার সেই ছোটোবেলার এলাকা এখন অনেক বদলে গেছে। স্কুলের পাশে যে পুকুরটি ছিলো, সেখানে মাটি ভরে একটি কমিউনিটি সেন্টার করা হয়েছে। এর ঠিক উল্টোদিকেই চা বাগান। চা বাগানের পেছনে গাছ-গাছালিতে ভরা যে উঁচু জায়গাটি ছিলো, সেখানকার গাছগুলো কেটে অনেকগুলো দালান তৈরি করা হয়েছে।

**1 0** **F1** ইউরোপ-আমেরিকার চেয়ে এশিয়ার দেশগুলোর শিক্ষকেরা স্কুলগুলোতে বেশি সম্মান পান।

**1 1** **F1** ব্রিটেন আর আমেরিকায়, বাবা-মায়েরা তাদের ছেলেমেয়েদেরকে টিচার হতে খুব একটা উৎসাহ দেন না। চীন, ভারত ও বাংলাদেশে টিচার হওয়া আনন্দের সাথেই বেছে নিতে দেখা যায়। সেখানে সবচেয়ে বেশি আগ্রহ দেখা যায় অঙ্কের টিচার হওয়ার।

**1 2** **F1** ব্রিটেনের এক রিসার্চে দেখা গেছে এশিয়ার ছেলেমেয়েরা দেশের বাইরের বিভিন্ন পরীক্ষায় বেশি ভালো করছে। এতে বলা হয় যে যেখানে টিচারদের সম্মান বেশি সেখানে ছেলেমেয়েরা লেখাপড়ায় ভালো করে।

**1 3** **M2** টিভি বা কম্পিউটারের সামনে বসে থাকার চেয়ে আমি বাইরে গিয়ে খেলাধুলা করতে পছন্দ করি।

**1 4** **F2** এই রবিবার আমার বন্ধুর জন্মদিন। সে তার জন্মদিনের অনুষ্ঠানে দাওয়াত দিয়েছে। আমরা সবাই যাবো আর অনেক নাচ-গান করবো।

**1 5** **M1** এখন শখ হিসেবে ছেলেমেয়েদের কেউ কেউ গল্পের বই পড়লেও আর ছবি আঁকলেও, আজকাল পয়সা জমাতে কাউকে খুব একটা দেখা যায় না।

**1 6** **F1** আমি মনে করি স্কুলের বই ব্যবহারের কিছু ভালো ও মন্দ দিক আছে। নতুন বইয়ের সুবাস ও পাতা উল্টিয়ে পড়ার আনন্দ বেশ সুখের। তবে বারবার পড়ার পর যখন পাতাগুলো ময়লা হয়ে যায় তখন কষ্ট লাগে।

**1 7** **M2** বই ভর্তি করলে স্কুলের ব্যাগটা অনেক ভারী হয়ে যায়। তবে বইয়ের পাতায় পাতায় নোট লিখে রাখতে পারা বেশ কাজে লাগে।

**1 8** **M1** লেখাপড়ার সুযোগ আমি শুরুতে পাইনি। বাড়িঘর না থাকায় ঘুরে বেড়িয়েছি পথে-ঘাটে। সেসময় আমার সাথের অনেক ছেলেমেয়েই বিভিন্ন অপরাধে জড়িয়ে পড়েছিলো। কেউ কেউ মাদকের নেশাও করতো। একটি চ্যারিটি প্রতিষ্ঠানের মাধ্যমে আমি স্কুলে ভর্তি হওয়ার সুযোগ, খাবার, টাকা ও থাকার জায়গা পেলাম। এরপর আমি একদিনও অলস না থেকে খুব পরিশ্রম করে নিয়মিত লেখাপড়া করছি। পার্ট-টাইম কাজও করছি। আমি জানি লেখাপড়া জীবনে সফল হওয়ার জন্য গুরুত্বপূর্ণ।

**1 9** **F2** বিজ্ঞানীরা বলছেন, যদি আমরা একটা মাফিন খাই, তাহলে এর থেকে পাওয়া ক্যালোরি খরচ করতে ঘন্টায় আট কিলোমিটার বেগে পঁচিশ মিনিট দৌড়াতে হবে। সেই হিসেবে এক ক্যান চিনিযুক্ত কোমল পানীয়ের জন্য তেরো মিনিট, এক বাটি সিরিয়াল খেলে ষোলো মিনিট, একটি চকলেট বার খেলে বাইশ মিনিট, আর একটি চিকেন স্যান্ডউইচ খেলে বিয়াল্লিশ মিনিট দৌড়াতে হবে।

**2 0** **M1** আমরা এই এলাকার রাস্তায় পানি জমে থাকার সমস্যা দূর করতে কাজ করে যাচ্ছি। ড্রেইনে জমে থাকা ময়লা, পলিথিন এসব আমরা আগেই পরিষ্কার করেছিলাম। এখন ড্রেইনগুলো চওড়া করা হচ্ছে। আগামীতে বড়ো ড্রেইনগুলোকে নদীর সাথে সংযোগ দেওয়া হবে।

## Section B

Questions and answers in **Bengali**.

| 2 | 1 |

**F2** আমাদের বাড়িটি কয়েকটি চারতলা ফ্ল্যাট বাড়ির পর আলাদা একটি দোতলা বাড়ি। এটি শহরের বাইরে। এ কারণে কোলাহল খুব একটা নেই। বাড়িটিও নতুন, মাত্র তিন বছর আগে তৈরি করা হয়েছিলো। আমরা শুরু থেকেই এই বাড়িতে থাকছি। চারটি শোবার ঘরের এই বাড়িতে দুইটি বাথরুম, একটি বসার ঘর ও একটি রান্নাঘর। বাড়ির পেছনের বাগানে আমি ফুলের গাছ লাগাই।

| 2 | 2 |

**M2** আমি টিপু বলছি। বাংলাদেশে একটি জনপ্রিয় বাহন রিকশা। তবে রিকশা চালানো বেশ পরিশ্রমের একটি কাজ। চালকের পরিশ্রম কমাতে অনেক রিকশাওয়ালাই এখন প্যাডেল চালানো রিকশাতে ব্যাটারি লাগিয়ে নিয়েছেন।

**F1** আমি মিলি বলছি। রিকশার চাহিদা থাকা সত্ত্বেও বিভিন্ন ঝুঁকি থাকার কারণে সরকার অনেক শহরেই ব্যাটারিচালিত রিকশা চলাচল বন্ধের ঘোষণা দিয়েছেন।

| 2 | 3 |

**M1** অন্যান্য দিনের মতো এই সুপারমার্কেটে আমাদের দোকান সকাল নয়টা থেকে খোলা থাকলেও অনলাইনে শুক্রবার মধ্যরাত থেকে কম দামে কেনাকাটার সুযোগ থাকবে। এই কম দামে কেনাকাটার সুবিধা নতুন-পুরনো সকল অনলাইন কাস্টমারের জন্য।

**END OF TEST**

**Copyright information**

For confidentiality purposes, all acknowledgements of third-party copyright material are published in a separate booklet. This booklet is published after each live examination series and is available for free download from www.aqa.org.uk.

Permission to reproduce all copyright material has been applied for. In some cases, efforts to contact copyright-holders may have been unsuccessful and AQA will be happy to rectify any omissions of acknowledgements. If you have any queries please contact the Copyright Team.

Copyright © 2022 AQA and its licensors. All rights reserved.